বিক্ষোভে ‘সহিংসতার পেছনে’ আমেরিকার হাত : খামেনি



সংগৃহীত ছবি

ইরানের চলমান বিক্ষোভে সহিংসতা ও প্রাণহানির জন্য যুক্তরাষ্ট্রকে দায়ী করেছেন দেশটির সর্বোচ্চ নেতা আয়াতুল্লাহ আলি খামেনি। এক বক্তব্যে তিনি বলেন, সাম্প্রতিক অস্থিরতার পেছনে মার্কিন উসকানি রয়েছে এবং এসব ঘটনায় যুক্তরাষ্ট্রকে জবাবদিহি করতে হবে।

খামেনি যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পকে ‘অপরাধী’ আখ্যা দিয়ে দাবি করেন, ইরানকে দুর্বল করাই ওয়াশিংটনের উদ্দেশ্য। তাঁর ভাষায়, নিহতদের অনেককে অমানবিকভাবে হত্যা করা হয়েছে, যার জন্য রাষ্ট্রবিরোধী গোষ্ঠীগুলো দায়ী।

মানবাধিকার সংস্থা এইচআরএএনএর তথ্য অনুযায়ী, গত ২৮ ডিসেম্বর শুরু হওয়া বিক্ষোভে এখন পর্যন্ত কয়েক হাজার মানুষের প্রাণহানি হয়েছে। তবে ইন্টারনেট প্রায় বন্ধ থাকায় প্রকৃত চিত্র নিশ্চিত করা কঠ কঠিন হয়ে পড়েছে।

এর আগে ট্রাম্প ইরানের সরকারবিরোধী আন্দোলন জোরদার করার আহ্বান জানিয়ে সামরিক হস্তক্ষেপের হুঁশিয়ারি দেন। এরপর পরিস্থিতি আরও উত্তপ্ত হয়।

ইরানি সরকার আন্দোলনকে বিদেশি মদদে সৃষ্ট ‘দাঙ্গা’ বলে দাবি করছে। অন্যদিকে যুক্তরাষ্ট্র জানিয়েছে, ইরান সম্ভাব্য হামলার পরিকল্পনা করলে কঠোর জবাব দেওয়া হবে।